# রাজধানীতে পার্কিং করা পরিস্থান পরিবহনের বাসে আগুন



ছবি: সংগৃহীত

রাজধানীর পল্লবীতে পার্কিং করে রাখা পরিস্থান পরিবহনের একটি বাসে আগুন দেওয়ার ঘটনা ঘটেছে। রোববার (২০ সেপ্টেম্বর) সকাল সোয়া ৭টা থেকে সাড়ে ৭টার মধ্যে সিরামিক রোডে সরকারি কলেজের পাশের এলাকায় এ ঘটনা ঘটে। ওই সময় বৃষ্টি হচ্ছিল।

মিরপুর জোনের উপপুলিশ কমিশনার মো. মোস্তাক সরকার দুপুর সোয়া ২টার দিকে বাসে আগুন দেওয়ার বিষয়টি নিশ্চিত করেন। তিনি বলেন, সরকারি কলেজের পাশে পার্কিং করা বাসটিতে আগুন দেওয়ার খবর পাওয়া গেছে। এ ঘটনার সঙ্গে কারা জড়িত, তা শনাক্তে কাজ করছে পুলিশ।

বাসটির মালিক খান মো. মহিতুল ইসলাম জানান, সকালে তার সাবেক চালক ফোন করে বাসটিতে আগুন লাগার কথা জানান। খবর পেয়ে তিনি ঘটনাস্থলে গিয়ে দেখেন, বাসটি আগুনে পুড়ে গেছে।

পরিস্থান পরিবহনের বাসটির নম্বর ঢাকা মেট্রো-ব-১১-৮৭০৩।

বাসে আগুন দেওয়ার ঘটনায় মামলা হয়েছে কি না জানতে চাইলে খান মো. মহিতুল ইসলাম বলেন, এখন পর্যন্ত তিনি মামলা করেননি।

LENS ASIA